# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২২. কোন মুসলমানের মনোসন্তুষ্টি ছাড়া যে কোনভাবে তার সম্পদ খাওয়া

হানিফাহ্ রাক্বাশী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يَحِلُّ مَالُ امْرِئٍ مُسْلِمٍ إِلاَّ بِطِيْبِ نَفسٍ مِنْهُ

“কোন মুসলমানের মনো সন্তুষ্টি ছাড়া তার সম্পদ অন্যের জন্য কোনভাবেই হালাল হবে না”।[1]

আবু সা’ঈদ্ খুদরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَأَلْقَيَنَّ اللهَ عَزَّ وَجَلَّ مِنْ قَبْلِ أَنْ أُعْطَى مِنْ مَالِ أَحَدٍ شَيْئًا بِغَيْرِ طِيْبِ نَفْسِهِ ، إِنَّمَا الْبَيْعُ عَنْ تَرَاضٍ

“আমি আল্লাহ্ তা’আলার সাথে এমতাবস্থায় সাক্ষাত করতে চাই যে, অথচ আমাকে ইতিপূর্বে কারোর সম্পদের কিয়দংশ তার মনোসন্তুষ্টি ছাড়া দেয়া হয়নি। বেচা-বিক্রি তো নিশ্চয়ই উভয় পক্ষের সন্তুষ্টির ভিত্তিতেই হতে হবে”।[2]

>

## ফুটনোট

[1] (স্বা’হীহুল-জা’মি’, হাদীস ৭৬৬২)

[2] (ইরওয়াউল-গালীল, হাদীস ১২৮৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন